

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.০৯.০১৪.২৩(অংশ-১)-১৪২০

তারিখঃ ২৪/০৬/২০২৪ খ্রিঃ

বিষয়: দ্বাদশ জাতীয় সংসদের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সম্পর্কিত স্থায়ী কমিটির ২য় বৈঠকের কার্যবিবরণীর সিদ্ধান্ত
বাস্তবায়ন প্রসঙ্গে।


সূত্র: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৩২.০০.০০০০.০৩৭.২৩.৭৬ তারিখ: ০৯ জুন ২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের মাধ্যমে সারাদেশে ৪৮৮৩টি কিশোর-কিশোরী ক্লাবের (৪৫৫৩টি ইউনিয়ন ও ৩৩০টি পৌরসভা) মাধ্যমে প্রতি বছর ১৪৬৪৯০ জন কিশোর-কিশোরীদের (প্রতি ক্লাবে সদস্য ৩০ জন এর মধ্যে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর যাদের বয়স ১০-১৯ বছর) জীবন দক্ষতামূলক বিভিন্ন প্রশিক্ষণ দেওয়া হয়। কিশোর-কিশোরী ক্লাব কার্যক্রম পরিচালনার জন্য জেন্ডার প্রমোটার, সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক রয়েছে। ক্লাবের মাধ্যমে ক্লাব সদস্যদেরকে বাল্য বিবাহ প্রতিরোধ ও জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধ, প্রজনন স্বাস্থ্য ও অধিকার, যৌতুক, ইভটিজিং, শিশু অধিকার, নারী অধিকার, জেন্ডারভিত্তিক বৈষম্য, যৌন নির্যাতন ও নিপীড়ন প্রতিরোধ, পরিবার পরিকল্পনা, মাদকাসক্তি, নারী ও শিশু পাচার প্রতিরোধ, আইনি সহায়তা প্রদান, এইচআইভি/এইডস প্রতিরোধ, ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে কিশোর-কিশোরীদের সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে। তাছাড়া কিশোরীদের আত্মরক্ষার্থে ক্যারাটে প্রশিক্ষণ দেওয়া হয়। সেই সাথে ক্লাবের মাধ্যমে বিভিন্ন সৃজনশীল ও সাংস্কৃতিক কার্যক্রমের মধ্যদিয়ে কিশোর-কিশোরীদের সম্পর্ককে সুদৃঢ় করার মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আনয়নে বিভিন্ন কর্মসূচি প্রকল্প কার্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।

কিশোর-কিশোরী ক্লাবের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয়ে আমাদের কিশোর-কিশোরীরাই আগামী ২০৪১ সালে স্মার্ট বাংলাদেশের স্মার্ট সিটিজেন ও স্মার্ট সোসাইটির অংশ।

এমতাবস্থায় তঁর এলাকায় যেন বাল্য বিবাহ, জেন্ডার বেইজড ভায়োলেন্স, যৌন হয়রানি, পুরুষ কর্তৃক নারী নির্যাতন যেন না ঘটে সে বিষয়ে প্রচারণা ও সচেতনতা বৃদ্ধি এবং সংসদীয় স্থায়ী কমিটির কার্যবিবরণীতে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

- ১। উপপরিচালক (সকল)
মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)
মহিলা বিষয়ক অধিদপ্তর।


মো: লিয়াকত আলী
প্রকল্প পরিচালক (অ:দা)
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৫। অফিস কপি।